অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ প্রণয়ন ও চালুকরণ

হালনাগাদকরণের তারিখ: ২২ ডিসেম্বর ২০২৩

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | iBAS++-এর মাধ্যমে অনলাইনে বাজেট প্রণয়ন (২০০৭ সাল) | iBAS++-এর মাধ্যমে জাতীয় বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন ও হিসাবায়ন কার্যক্রম সম্পাদন করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর-এর পাশাপাশি মাঠ পর্যায়ের কার্যালয়গুলোতে পর্যায়ক্রমে বাজেট প্রণয়নের কাজ সম্পাদিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর-এর পাশাপাশি ১,৭৩০ টি মাঠ পর্যায়ের কার্যালয়ের বাজেট iBAS++-এর মাধ্যমে প্রণয়ন করা হয়েছে। আগামী ২০২৪-২৫ অর্থবছরে নতুন ১,১৩৫টি মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক স্ব স্ব বাজেট প্রণয়নের উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। পর্যায়ক্রমে অবশিষ্ট সকল মাঠ পর্যায়ের কার্যালয়ে iBAS++-এর বাজেট প্রণয়ন মডিউল রোল আউট করা হবে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ২. | পেনশনারদের EFT পদ্ধতিতে মাসিক পেনশন প্রেরণ (২০১৮ সাল) | বর্তমানে সকল সরকারি অবসরভোগী (৮,৪৯,৬৩২ জন) প্রতিমাসে ইএফটি পদ্ধতিতে মাসের প্রথম কর্মদিবসে নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে মাসিক পেনশন পেয়ে থাকেন। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৩. | কর্মকর্তাদের বেতন বিল অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতে প্রেরণ (২০১৮ সাল) | সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীর বেতন ভাতাদি EFT তে প্রদান করা হচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৪. | অটোমেটেড চালান (A Chalan) এর মাধ্যমে সরকারি কোষাগারে রাজস্ব ও | সরকারি রাজস্ব আদায় ব্যবস্থাপনা সুসংহতকরণ, চালানের জাল-জালিয়াতি রোধ এবং সরকারি কোষাগারে তাৎক্ষণিকভাবে সরকারি রাজস্ব/ফির অর্থ জমা দেওয়ার জন্য ২০১৯-২০ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/acs | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | সেবা ফি প্রদান (২০২০ সাল) | অর্থবছরে 'অটোমেটেড চালান (এ-চালান) পদ্ধতি' প্রবর্তন করা হয়েছে। বর্তমানে রাজস্ব আদায়ের ১৭৩টি অর্থনৈতিক কোডে চালান জমা দেয়ার ক্ষেত্রে নাগরিকগণ অটোমেটেড চালান সিস্টেম ব্যবহার করতে পারছেন। চলতি ২০২৩-২৪ অর্থবছরে আদায়কৃত মোট রাজস্বের ২০.৭০% এ চালানের মাদ্যমে জমা হয়েছে। | | | | |
| ৫. | জাতীয় সঞ্চয়পত্র অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে সঞ্চয়পত্র ইস্যু ও EFT এর মাধ্যমে মুনাফা ও আসল পরিশোধ (২০১৯ সাল) | জাতীয় সঞ্চয়পত্রের গ্রাহক সেবা সহজতর করার লক্ষ্যে ২০১৯ সালে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' প্রবর্তন করা হয়েছে। প্রবর্তিত এ সিস্টেমের মাধ্যমে জাতীয় সঞ্চয় পত্রের সকল স্কিমসহ ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস প্রিমিয়ার বন্ড, ডাকঘর সঞ্চয় স্কিমের সাধারণ ও মেয়াদি হিসাব সমূহের লেনদেন সম্পাদিত হচ্ছে এবং এসব স্কিমের লভ্যাংশ ও আসল ইএফটি-এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হচেছ। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://www.nationalsavings.gov.bd/# | |
| ৬. | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে PL অ্যাকাউন্ট সৃজন ও স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থছাড় প্রক্রিয়া চালুকরণ (২০২২ সাল) | সরকারের লেনদেন ব্যয় হ্রাস, দ্রুত পাওনা পরিশোধ, সরকারি ঋণ নিম্নতম পর্যায়ে রাখা, সুদ কমানো, এ্যাকাউন্টিং সিস্টেম ও তারল্য প্রবাহ (Cash Flow) সিস্টেমের মধ্যে সময়মত সংগতিসাধনের (Reconciliation) উদ্দেশ্যে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জন্য পার্সোনাল লেজার (Personal Ledger-PL) এ্যাকাউন্টের অধীন সাব-এ্যাকাউন্ট সৃজন করা হয়েছে। এতে সরকারের হিসাব হতে প্রকৃত ব্যয়ের পূর্বেই অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান বন্ধ হবে। বরাদ্দকৃত অর্থ শুধু সংযুক্ত তহবিল থেকে প্রজাতন্ত্রে সরকারি হিসাবে স্থানান্তরিত হবে, ফলে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত অর্থের তারল্য প্রবাহ নিয়ন্ত্রিত হবে। বর্তমানে ১০২টি | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | স্বায়ত্তশাসিত সংস্থা এবং ১১৪টি প্রকল্পে সরকারি অনুদান ব্যবস্থাপনা PL (পার্সোনাল লেজার) অ্যাকাউন্ট এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে। | | | | |
| ৭. | সামাজিক নিরাপত্তা বেষ্টনির উপকারভোগীর নগদ সহায়তা G2P পদ্ধতিতে প্রেরণ (২০২১ সাল) | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীদের অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য G2P পদ্ধতিতে ইএফটি-এর মাধ্যমে সরাসরি তাদের ব্যাংক হিসাবে অথবা মোবাইল হিসাবে অর্থ প্রেরণ করা হচ্ছে। ৮টি মন্ত্রণালয়/বিভাগ এর ২৪টি কর্মসূচির প্রায় ৩ কোটি উপকারভোগীকে নিয়মিতভাবে G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে ভাতা/অনুদান/বৃত্তি প্রদান করা হচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://spbmumis.finance.gov.bd/spbmuweb/login.html | |
| ৮. | কর্মচারীদের বেতন বিল ডিডিও কর্তৃক অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতে বেতন (২০১৮ সাল) | সরকারি প্রত্যেক কার্যালয়ের DDO, iBAS++ সিস্টেমের মাধ্যমে তার কার্যালয়ের কর্মচারীদের বেতন বিল অনলাইনে প্রস্তুত করে এবং অনলাইনে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে দাখিল করে। অতঃপর Account Office বিলগুলো বাংলাদেশ ব্যাংকে EFT Advice প্রেরণ করে। বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যেক কর্মচারীকে EFT এর মাধ্যমে বেতন-ভাতা প্রেরণ করা হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৯ | অনলাইনে ডিডিও মডিউলে অন্যান্য বিল দাখিল (সামারি বিল) (২০২৩ সাল) | ২০২২-২৩ অর্থবছরে ২১টি সরকারি কার্যালয়ে বেতন বিলের পাশাপাশি অন্যান্য বিল iBAS++ সিস্টেমে অনলাইনে দাখিল করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ১২১ টি কার্যালয় ও প্রকল্পে এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১০. | iBAS++-এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বাজেট ছাড় ও বাজেট বাস্তবায়নে অটোমেশন পদ্ধতির প্রয়োগ (২০১৮ সাল) | অর্থবছরের মাঝে জাতীয় সংসদে বাজেট পাশ করার পর ১ জুলাই তারিখে ব্যয়ের জন্য DDO-দের কাছে বাজেট Available হওয়া প্রয়োজন। iBAS++ সিস্টেমে অর্থবছরের শুরুতে স্বয়ংক্রিয়ভাবে অর্থছাড় হয় এবং বাজেট বরাদ্দ সাপেক্ষে বিভিন্ন ব্যয় নির্বাহ করতে পারেন। বাজেট ছাড়, | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | অর্থবিতরণ ও নিয়ন্ত্রণ iBAS++ দ্বারাই সম্পাদিত হয়। | | | | |
| ১১. | স্বয়ংক্রিয় ডেবিট/ক্রেডিট স্ক্রল: সরকারি সকল প্রকার লেনদেনের তথ্যাদি অর্থাৎ ডেবিট এবং ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক লি. এর সাথে একটি ডেডিকেটেড FTP কানেকশানের মাধ্যমে iBAS++-এ বর্তমানে অটো আপলোড হয়ে হিসাবের সমন্বয় সাধন (২০২১ সাল) | সরকারি সকল প্রকার পরিশোধ অর্থাৎ সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি উপজেলা পর্যায় পর্যন্ত EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়। সরবরাহকারী এবং অন্যান্য পাওনা উপজেলা পর্যায়ে MICR চেকে পরিশোধ করা হয়। চেক এবং EFT এডভাইস iBAS++ থেকে Automatic way-তে BB এবং SB তে পাঠানো হয়। BB এবং SB পরিশোধ করে iBAS++ তথা CGA এর চাহিদা অনুযায়ী Encrypted from dedicated FTP Connection এর মাধ্যমে iBAS++ এ Debit Scroll প্রেরণ করে।<br>অন্যদিকে সরকারি সকল প্রাপ্তি ও সেবা ফি ম্যানুয়াল পদ্ধতিতে BB এবং SB এর সকল শাখায় জমা নেয়ার পাশাপাশি এ-চালান সিস্টেমে সকল দেশিয় বাণিজ্যিক ব্যাংক প্রায় ১৭৩ টি অর্থনৈতিক কোডে সরকারি রাজস্ব ও সেবা ফি গ্রহণ করছে। দিন শেষে বাংলাদেশ ব্যাংক এ-চালান সিস্টেম হতে রিপোর্ট নিয়ে সংশ্লিষ্ট ব্যাংক বিকলন করে সরকারি হিসাব আকলন করে। ম্যানুয়াল চালান জমার স্ক্রলসহ সকল প্রকার জমার ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক হতে একই সাথে (FTP Connectivity) iBAS++-এ Automatically এসে Upload হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১২. | প্রশাসনিক কাজে নিয়োজিত সরকারি গাড়ি চালকদের '৩১১১৩২৭-অধিকাল ভাতা' iBAS++ এর মাধ্যমে | ২০২২-২৩ অর্থবছরে সরকারি গাড়ি চালকদের অধিকাল ভাতার বিল অনলাইনে দাখিল ও ইএফটির মাধ্যমে পরিশোধ কার্যক্রম 'ওভারটাইম ম্যানেজমেন্ট সিস্টেম' চালু হয়েছে। বর্তমানে অর্থ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | প্রদান (২০২২ সাল) | বিভাগ ও পরিবহন কমিশনারের কার্যালয়ে গাড়ীচালকগণ অনলাইন পদ্ধতিতে অধিকাল ভাতা পাচ্ছে। | | | | |
| ১৩. | সরকারের নগদ ব্যবস্থাপনাকে সুসংহত করা লক্ষ্যে iBAS++ এ Stock-take of Bank Account সাব-মডিউল প্রস্তুতের মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর, মাঠ পর্যায়ের সকল কার্যালয়, বাস্তবায়নাধীন কর্মসূচি, স্কিম ও প্রকল্পসমূহের ব্যাংক হিসাবের তথ্যের ডাটাবেজ তৈরি (২০২২ সাল) | সরকারের নগদ ব্যবস্থাপনাকে শক্তিশালী করা লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানসমূহ, আওতাধীন দপ্তর, মাঠ পর্যায়ের মোট ১,০৫,৯২৫টি কার্যালয়ের মধ্যে ২৬,৫৮২টি কার্যালয়ের কর্মকর্তা কর্তৃক ৯৪,৪০৯ টি ব্যাংক হিসাবে তথ্য এন্ট্রি সফলভাবে সম্পন্ন হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১৪. | Electronic Fiscal Device Management System (EFDMS) | জাতীয় রাজস্ব বোর্ডের খুচরা পর্যায়ের মূল্য সংযোজন কর (VAT) আদায়ের জন্য Electronic Fiscal Device Management System (EFDMS) উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হয়।<br>জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রাপ্ত Business Requirement Document (BRD) এর আলোকে Functional Requirement Specification (FRS) প্রস্তুত করা হয়েছে। সিস্টেমটি | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | যাতে জাতীয় রাজস্ব বোর্ড পরিচালনা করতে পারে, সেজন্য iBAS++ এর পরামর্শকদের মাধ্যমে প্রয়োজনীয় উন্নয়ন ও কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। | | | | |
| ১৫ | জিপিএফ (২০২০ সাল) | সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত যাবতীয় তথ্য আইবাস++ সিস্টেমের মাধ্যমে এবং একইসাথে সিএএফও (পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট) কার্যালয়ের ওয়েবসাইট হতে রিপোর্ট প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। একইসাথে কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক জিপিএফ এর নমিনি পরিবর্তন করার সুযোগ সৃষ্টি হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১৬ | টিএ/ডিএ সাব মডিউল (২০২২ সাল) | ২০২২-২৩ অর্থবছর হতে সরকারি কর্মচারীগণের দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভাতা বিল অনলাইনে দাখিল ও ইএফটির মাধ্যমে পরিশোধ কার্যক্রম শুরু হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার